প্রথম আলো

তারিখ 19 NOV 2017
পৃষ্ঠা ... কলাম ...



'বেঙ্গল বই'-এ শিশুদের গল্প বলছেন রূপা চক্রবর্তী ● ছবি : সংগৃহীত

# বেঙ্গল বইয়ের আনুষ্ঠানিকতা শেষ

নিজস্ব প্রতিবেদক ●

ব্যতিক্রমী বই বিপণি 'বেঙ্গল বই'-এর যাত্রা শুরুর আনুষ্ঠানিকতা শেষ। এবার পাঠকেরা যেতে পারেন ক্রয়, বিনিময়, পাঠ ও আড্ডা দিতে। কাটিয়ে আসতে পারেন কিছু নিরবচ্ছিন্ন সময়।

গতকাল শনিবার ছিল বেঙ্গল বই উদ্বোধনের পাঁচ দিনের অনুষ্ঠানমালার শেষ দিন। সকালে ব্যাপ্টিস্ট চার্চ স্কুলের দৃষ্টিপ্রতিবন্ধী শিশুদের পর গান করেন সেদিনের বিশেষ অতিথি রেজওয়ানা চৌধুরী বন্যা। ছিল সংগীত বিদ্যালয় সুরের ধারার শিক্ষার্থীদের সমবেত গান। সকালে শিশুদের গল্প শোনান রূপা চক্রবর্তী।

সন্ধ্যায় খালেদ হোসেইন ও সাজ্জাদ আরেফিন সম্পাদিত *সমর সেন: জন্মশতবার্ষিক শ্রদ্ধাঞ্জলি* বইটির মোড়ক খোলেন গবেষক ও প্রাবন্ধিক বেগম আকতার কামাল। বক্তব্য দেন বেঙ্গল পাবলিকেশনসের নির্বাহী পরিচালক আবুল হাসনাত। সে সময় কবিতা পাঠের আসর 'কবিতা কথন'-এ কবিতা পড়েন মুহাম্মদ সামাদ, রবিউল হুসাইন, শিহাব সরকার, হায়াৎ সাইফ, মুহাম্মদ নুরুল হুদা, রুবি রহমান, তারিক সুজাত, শাহজাদী আঞ্জুমান আরা, পিয়াস মজিদ, মারুফুল ইসলাম, হাবিবুল্লাহ সিরাজী ও সাকিরা পারভিন।

**বেঙ্গল বইয়ের যাত্রা শুরু উপলক্ষে গত মঙ্গলবার থেকে এর ভবন প্রাঙ্গণে ছিল গান, আড্ডা, গল্প, বই প্রকাশনা ও চলচ্চিত্র প্রদর্শনী**

বেঙ্গল বইয়ের যাত্রা শুরু উপলক্ষে গত মঙ্গলবার থেকে এর ভবন প্রাঙ্গণে ছিল গান, আড্ডা, গল্প, বই প্রকাশনা ও চলচ্চিত্র প্রদর্শনী। ভবনটির দোতলা ও তৃতীয় তলাজুড়ে আছে দেশি-বিদেশি বই। নিচতলায় সব শ্রেণির পাঠকের জন্য আছে পুরোনো বই, ম্যাগাজিন ও চা। দোতলার বারান্দায় বসে কফি খেতে খেতে গল্প করা যাবে। প্রবীণদের জন্য বইতে রয়েছে বিশেষ ছাড়। ভবনের তৃতীয় তলার প্রায় পুরোটাই শিশুদের জন্য। নিয়মিত পাঠচক্র, কবিতা পাঠের আসর, নতুন লেখা ও লেখকের সঙ্গে পরিচিতিমূলক সভা, প্রকাশনা উৎসব, চিত্র ও চলচ্চিত্র প্রদর্শনীসহ নানা আয়োজন করা যাবে সেখানে।